

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৭, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ ভাদ্র ১৪১৩/৭ সেপ্টেম্বর ২০০৬

এস, আর, ও নং ২১৪-আইন/২০০৬।—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৫৭-আইন/২০০৬, তারিখ ১১ আষাঢ়, ১৪১৩ বঙ্গাব্দ মোতাবেক ২৫ জুন, ২০০৬ খ্রিস্টাব্দ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে The Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর Rules বলিয়া উল্লিখিত, এর Rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য নরসিংদী জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর Rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৭৮৭৯)

মূল্য : টাকা ২.০০

সেহেতু The Paurashva Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section-4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর Rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদদ্বারা নরসিংদী জেলার শিবপুর উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১০ আশ্বিন, ১৪১৩ বঙ্গাব্দ মোতাবেক ২৫ সেপ্টেম্বর, ২০০৬ খ্রিস্টাব্দ তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল। এই মিউনিসিপ্যালিটি শিবপুর মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	গ্রামের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
১।	চক্রধা	শিবপুর	শিবপুর	২৭	১ হতে ৫২৬
২।	চক্রধা	(ক) নগর বেকারপাড়া (খ) কানাহোটা (গ) চক্রধা (ঘ) কুতুবের টেক (ঙ) চালিতাকান্দি (চ) বালিয়াহানি (ছ) আড়ালী	আড়ালী	৭৪	১ হতে ২৯২৮
৩।	চক্রধা	বড় আশ্রাবপুর	বড় আশ্রাবপুর	৭৭	১ হতে ৯৭৪
৪।	মাছিমপুর	সৈদেরগাঁও	সুন্দন্দী	২৬	১ হতে ২৭৬
৫।	মাছিমপুর	আব্দুলখানা	আব্দুলখানা	২৫	১ হতে ৫১
৬।	মাছিমপুর	বানিয়াদি	বানিয়াদি	২৮	১ হতে ৩১২
৭।	মাছিমপুর	(ক) বান্দারদিয়া (খ) বাজনাব	বান্দারদিয়া	২৯	১ হতে ২০৯৬
৮।	বাঘার	পাঁচপাইকা	পাঁচপাইকা	৭৩	১ হতে ১৭৫
৯।	বাঘার	বাহেরদিয়া	বাহেরদিয়া	৭১	১ হতে ৩৩৮

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আজিজুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।